রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারি ১, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**
**বিদ্যুৎ বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০২ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ/ ১৬ জানুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ১০-আইন/২০২৩।**—সরকার, টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১২ (২০১২ সনের ৪৮ নং আইন) এর ধারা ২৬ এ প্রদত্ত ক্ষমতাবলে, টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষের সহিত পরামর্শক্রমে, জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ বিধিমালা, ২০১৬ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি (২) এর উপ-বিধি (১) এর—

(ক) দফা (চ) এর পর নিম্নরূপ নূতন দফা (চচ) সন্নিবেশিত হইবে, যথা:—

"(চচ) **"ডেজিগনেটেড কঞ্জুমার (মনোনীত ভোক্তা)"** অর্থ বিধি ৯ এর উপ-বিধি (১) এর অধীন ঘোষিত ডেজিগনেটেড কঞ্জুমার;";

(খ) দফা (জ) এর পর নিম্নরূপ নূতন দফা (জজ) সন্নিবেশিত হইবে, যথা:—

"(জজ) **"বিএসটিআই"** অর্থ বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৭ নং আইন) এর ধারা ৪ এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন;";


মূল্য : টাকা ২০.০০

(গ) দফা (ঞ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঞ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(ঞ) **"মাইক্রো শিল্প (Micro Industry)"** অর্থ—

(অ) ম্যানুফ্যাকচারিংয়ের ক্ষেত্রে সে সকল শিল্প প্রতিষ্ঠানকে বুঝাইবে যে সকল প্রতিষ্ঠানে জমি এবং কারখানা ভবন ব্যতিরেকে স্থায়ী সম্পদের মূল্য প্রতিস্থাপন ব্যয়সহ ১০ (দশ) লক্ষ টাকা হইতে ৭৫ (পঁচাত্তর) লক্ষ টাকা বা যে সকল শিল্প প্রতিষ্ঠানে ১ (এক) জন হইতে ২৫ (পঁচিশ) জন বা উহার কম সংখ্যক শ্রমিক নিয়োজিত রহিয়াছে;

(আ) সেবা শিল্পের ক্ষেত্রে সে সকল শিল্প প্রতিষ্ঠানকে বুঝাইবে যে সকল প্রতিষ্ঠানে জমি এবং কারখানা ভবন ব্যতিরেকে স্থায়ী সম্পদের মূল্য প্রতিস্থাপন ব্যয়সহ ১০ (দশ) লক্ষ টাকার নিম্নে বা যে সকল শিল্প প্রতিষ্ঠানে সর্বোচ্চ ১৫ (পনেরো) জন শ্রমিক নিয়োজিত রহিয়াছে;";

(ঘ) দফা (ট) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ট) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(ট) **"মাঝারি শিল্প (Medium Industry)"** অর্থ—

(অ) ম্যানুফ্যাকচারিংয়ের ক্ষেত্রে সে সকল শিল্প প্রতিষ্ঠানকে বুঝাইবে যে সকল প্রতিষ্ঠানে জমি এবং কারখানা ভবন ব্যতিরেকে স্থায়ী সম্পদের মূল্য প্রতিস্থাপন ব্যয়সহ ১৫ (পনেরো) কোটি টাকা হইতে ৫০ (পঞ্চাশ) কোটি টাকা বা যে সকল শিল্প প্রতিষ্ঠানে ১২১ (একশত একুশ) জন হইতে ৩০০ (তিনশত) জন শ্রমিক নিয়োজিত রহিয়াছে, তবে তৈরি পোশাক প্রতিষ্ঠান বা শ্রমঘন শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে মাঝারি শিল্পে শ্রমিকের সংখ্যা হইবে সর্বোচ্চ ১,০০০ (এক হাজার) জন;

(আ) সেবা শিল্পের ক্ষেত্রে সে সকল শিল্প প্রতিষ্ঠানকে বুঝাইবে যে সকল প্রতিষ্ঠানে জমি এবং কারখানা ভবন ব্যতিরেকে স্থায়ী সম্পদের মূল্য প্রতিস্থাপন ব্যয়সহ ২ (দুই) কোটি টাকা হইতে ৩০ (ত্রিশ) কোটি টাকা বা যে সকল শিল্প প্রতিষ্ঠানে ৫১ (একান্ন) জন হইতে ১২০ (একশত বিশ) জন শ্রমিক নিয়োজিত রহিয়াছে;";

(ঙ) দফা (ড) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ড) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(ড) **"ক্ষুদ্র শিল্প (Small Industry)"** অর্থ—

(অ) ম্যানুফ্যাকচারিংয়ের ক্ষেত্রে সে সকল শিল্প প্রতিষ্ঠানকে বুঝাইবে যে সকল প্রতিষ্ঠানে জমি এবং কারখানা ভবন ব্যতিরেকে স্থায়ী সম্পদের মূল্য প্রতিস্থাপন ব্যয়সহ ৭৫ (পঁচাত্তর) লক্ষ টাকা হইতে ১৫ (পনেরো) কোটি টাকা বা যে সকল শিল্প প্রতিষ্ঠানে ২৬ (ছাব্বিশ) জন হইতে ১২০ (একশত বিশ) জন শ্রমিক নিয়োজিত রহিয়াছে;

(আ) সেবা শিল্পের ক্ষেত্রে সে সকল শিল্প প্রতিষ্ঠানকে বুঝাইবে যে সকল প্রতিষ্ঠানে জমি এবং কারখানা ভবন ব্যতিরেকে স্থায়ী সম্পদের মূল্য প্রতিস্থাপন ব্যয়সহ ১০ (দশ) লক্ষ টাকা হইতে ২ (দুই) কোটি টাকা বা যে সকল শিল্প প্রতিষ্ঠানে ১৬ (ষোলো) জন হইতে ৫০ (পঞ্চাশ) জন শ্রমিক নিয়োজিত রহিয়াছে;";

(২) বিধি ৩ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৩ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"৩। **সহায়তা গ্রহণ।**—কর্তৃপক্ষ—

(ক) জ্বালানি দক্ষতা লেবেলিং (Energy Efficiency Labelling) কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে নির্দিষ্ট কার্যসম্পাদনের জন্য জ্বালানি দক্ষতার ন্যূনতম মান (Minimum Energy Performance Standards), জ্বালানি ব্যবহারকারী যন্ত্রপাতি ও সরঞ্জামের পরীক্ষা, পরীক্ষণ পদ্ধতি, পরীক্ষণ সুবিধা সৃষ্টি ইত্যাদি কার্যক্রমে বিএসটিআই বা, প্রযোজ্য ক্ষেত্রে, সরকার কর্তৃক নির্দিষ্টকৃত অন্য কোনো সংস্থা হইতে সহায়তা গ্রহণ করিতে পারিবে; এবং

(খ) বয়লারের কোনো নির্দিষ্ট কার্যসম্পাদনের (performance) জন্য জ্বালানি দক্ষতার ন্যূনতম মান নির্ধারণ ও উহা বাস্তবায়নের উদ্দেশ্যে শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় হইতে প্রয়োজনীয় সহায়তা গ্রহণ করিতে পারিবে।";

(৩) বিধি ৬ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৬ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"৬। **সরঞ্জাম এবং যন্ত্রপাতি প্রমিতকরণ ও লেবেলিং।**—(১) কর্তৃপক্ষ, সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ বা প্রতিষ্ঠানের সহিত পরামর্শক্রমে, জ্বালানির সাশ্রয়ী ব্যবহার উৎসাহিত করিবার লক্ষ্যে তফসিল ক-তে বর্ণিত সরঞ্জাম ও যন্ত্রপাতিসমূহের নির্দিষ্ট কার্যসম্পাদনের জন্য জ্বালানি দক্ষতার ন্যূনতম মান এবং জ্বালানি সাশ্রয়ী লেবেলিং বাস্তবায়ন করিবে।

(২) কর্তৃপক্ষ তফসিল ক-তে উল্লিখিত সরঞ্জামাদির জ্বালানি দক্ষতার লেবেল নির্ধারণ, লেবেলিং এর উদ্দেশ্যে নিম্নবর্ণিত বিষয়ে অংশীজনের মতামত গ্রহণ করিবে, যথা:—

(ক) লেবেল অর্জনের জন্য অনুসরণীয় পদ্ধতি;

(খ) লেবেলের নকশা এবং বৈশিষ্ট্য;

(গ) যন্ত্রপাতি ও সরঞ্জামাদির লেবেলিং এর জন্য জ্বালানি দক্ষতার মানের স্তর বিন্যাসকরণ অথবা জ্বালানি দক্ষতার সুনির্দিষ্ট মান, যেমন-এক তারকা, দ্বি-তারকা ইত্যাদি নির্ধারণ;

(ঘ) প্রযোজ্য ক্ষেত্রে, লেবেলিং এর উদ্দেশ্যে সংশ্লিষ্ট পণ্যের পরীক্ষণ পদ্ধতি;

(ঙ) আবশ্যিকভাবে পালনীয় জ্বালানি দক্ষতার মানমাত্রা (লেবেলিং স্তর) এবং উহা কার্যকর হইবার তারিখ; এবং

(চ) দেশে প্রস্তুতকৃত, সংযোজিত, আমদানিকৃত এবং বিক্রয়কৃত সকল পণ্যের ক্ষেত্রে মানমাত্রা কার্যকর হইবার তারিখ।

(৩) কর্তৃপক্ষ, সময় সময়, তফসিল ক সংশোধন করিতে পারিবে।

(৪) কর্তৃপক্ষ, সরকারের পূর্বানুমোদনক্রমে, জ্বালানি দক্ষ যন্ত্রপাতি ও সরঞ্জাম উৎপাদন এবং আমদানি উৎসাহিত করিবার লক্ষ্যে একটি প্রণোদনা কৌশল (incentive mechanism) প্রণয়ন ও বাস্তবায়ন করিবে।

(৫) কর্তৃপক্ষ লেবেলকৃত যন্ত্রপাতি ও সরঞ্জামের জন্য কর প্রণোদনা এবং লেবেলবিহীন যন্ত্রপাতি ও সরঞ্জামের জন্য উচ্চ হারে আমদানি শুল্ক আরোপ করিবার জন্য জাতীয় রাজস্ব বোর্ডকে সুপারিশ প্রদান করিতে পারিবে।

(৬) কর্তৃপক্ষ জাতীয় ও বহুল প্রচারিত অন্যূন ২ (দুই) টি বাংলা ও ২ (দুই) টি ইংরেজি পত্রিকা এবং ইলেকট্রনিক মিডিয়ায় বিজ্ঞপ্তির মাধ্যমে লেবেলিং এর মানমাত্রা, মানমাত্রার শর্তপূরণে ব্যর্থ যন্ত্রপাতি এবং উহার উৎপাদনকারীর তালিকা প্রকাশ করিবে।

(৭) কর্তৃপক্ষ জ্বালানি দক্ষতার মান এবং লেবেলিং সম্পর্কে জনসচেতনতা সৃষ্টিসহ জ্বালানি দক্ষতার লেবেলযুক্ত পণ্য ক্রয়ে এবং জ্বালানির সাশ্রয়ী ব্যবহারে জনসাধারণকে উৎসাহিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় প্রচারণামূলক কৌশল প্রণয়ন ও বাস্তবায়ন করিবে।";

(৪) বিধি ৮ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৮ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"৮। **মাইক্রো শিল্প, ক্ষুদ্র শিল্প ও মাঝারি শিল্প প্রতিষ্ঠানে জ্বালানি সংরক্ষণ।**—কর্তৃপক্ষ মাইক্রো শিল্প, ক্ষুদ্র শিল্প ও মাঝারি শিল্প প্রতিষ্ঠানে জ্বালানি সংরক্ষণের জন্য নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করিবে, যথা:—

(ক) সরকারি ঋণ এবং অনুদান প্রাপ্তিতে সহায়তা প্রদান;

(খ) কারিগরি সহায়তা ও পরামর্শ সেবা প্রদান;

(গ) প্রশিক্ষণের ব্যবস্থা;

(ঘ) প্রযোজ্য ক্ষেত্রে, প্রাথমিক জ্বালানি নিরীক্ষা সেবা প্রদান; এবং

(ঙ) প্রয়োজনীয় অন্যান্য ব্যবস্থা।";

(৫) বিধি ৯ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(১) কর্তৃপক্ষ শিল্প প্রতিষ্ঠানের ধরন, অবস্থা, কর্মক্ষমতা, জ্বালানি ব্যবহার, সুবিধা, ইত্যাদি বিবেচনা করিয়া তফসিল খ-তে বর্ণিত মানদণ্ডের উপর ভিত্তি করিয়া কোনো গ্রাহককে ডেজিগনেটেড কঞ্জুমার (মনোনীত ভোক্তা) হিসাবে ঘোষণা করিতে পারিবে।";

(৬) বিধি ৯ এর পর নিম্নরূপ নূতন বিধি ৯ক সন্নিবেশিত হইবে, যথা:—

"৯ক। **জ্বালানি ব্যবহারকারী কর্তৃক বার্ষিক জ্বালানি প্রতিবেদন দাখিল।**—সকল জ্বালানি ব্যবহারকারী শিল্প প্রতিষ্ঠানকে তফসিল ঘ অনুসারে বার্ষিক জ্বালানি প্রতিবেদন কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।";

(৭) বিধি ১০ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ১০ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"১০। **ডেজিগনেটেড কঞ্জুমার (মনোনীত ভোক্তা) কর্তৃক জ্বালানি দক্ষতা ও নিরীক্ষা।**—(১) কর্তৃপক্ষ কোনো শিল্প প্রতিষ্ঠানের জ্বালানি ব্যবহারের অবস্থা বিবেচনা করিয়া তফসিল গ অনুযায়ী জ্বালানি দক্ষতার প্রয়োজনীয় মানদণ্ড নির্ধারণ করিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন জ্বালানি দক্ষতার মানদণ্ড নির্ধারণের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়সমূহ বিবেচনা করিতে হইবে, যথা:—

(ক) ন্যূনতম জ্বালানি দক্ষতার মানমাত্রা নিরূপণ, যেমন-নির্দিষ্ট শিল্প প্রক্রিয়া, চুল্লি, শিল্পে ব্যবহৃত বয়লার, কমপ্রেসর, হিট এক্সচেঞ্জার, শীতাতপ যন্ত্র, ইট ভাটা এবং এইরূপ অন্য কোনো প্রযুক্তিতে উৎপাদিত প্রতি ইউনিট পণ্যের জন্য ন্যূনতম জ্বালানি ব্যবহারের পরিমাণ; এবং

(খ) বিশেষ প্রযুক্তির প্রয়োগ, যেমন-ওয়েস্ট হিট রিকভারি বা নির্দিষ্ট মাপের এবং নির্দিষ্ট শিল্প কারখানার বয়লার এবং শীতলীকরণের জন্য কো-জেনারেশন।

(৩) ডেজিগনেটেড কঞ্জুমার (মনোনীত ভোক্তা) কর্তৃক জ্বালানি নিরীক্ষা পরিচালনার সময়সূচি এবং শিল্প প্রতিষ্ঠান কর্তৃক বার্ষিক জ্বালানি প্রতিবেদন দাখিল সংক্রান্ত বিষয়সমূহ নিম্নবর্ণিত পদ্ধতিতে সম্পন্ন করিতে হইবে, যথা:—

(ক) কর্তৃপক্ষ কর্তৃক ডেজিগনেটেড কঞ্জুমার ঘোষণা করিবার ১৮ (আঠারো) মাসের মধ্যে প্রত্যেক ডেজিগনেটেড কঞ্জুমারকে উহার স্থাপনায় জ্বালানি নিরীক্ষা প্রবিধানমালা, ২০১৮ এর প্রবিধান ৮ এর অধীন সনদপ্রাপ্ত জ্বালানি নিরীক্ষক দ্বারা প্রথম জ্বালানি নিরীক্ষা সম্পন্ন করিয়া উক্ত প্রবিধানমালায় বর্ণিত নমুনা অনুযায়ী জ্বালানি নিরীক্ষা প্রতিবেদন কর্তৃপক্ষের নিকট দাখিল করিবে;

(খ) ডেজিগনেটেড কঞ্জুমার পূর্ববর্তী জ্বালানি নিরীক্ষা প্রতিবেদন জমাদানের তারিখ হইতে তৎপরবর্তী ৩ (তিন) বৎসর অন্তর অন্তর জ্বালানি নিরীক্ষা সম্পন্ন করিয়া জ্বালানি নিরীক্ষা প্রতিবেদন কর্তৃপক্ষ বরাবর দাখিল করিবে।

(৪) তফসিল ঙ এ উল্লিখিত শ্রেণিভিত্তিক ডেজিগনেটেড কঞ্জুমার (মনোনীত ভোক্তা) কর্তৃক উক্ত তফসিলে উল্লিখিত সময় অনুযায়ী জ্বালানি নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করিতে হইবে।";

(৮) বিধি ১১ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ১১ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"১১। **সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মকাণ্ডে সহায়তা প্রদান।**— (১) কর্তৃপক্ষ সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের স্থাপনা এবং উহাদের ক্রয়, নির্মাণ এবং অন্যান্য কার্যাবলিতে জ্বালানি দক্ষতা, সাশ্রয় ও সংরক্ষণ এবং নবায়নযোগ্য জ্বালানি কার্যক্রম গ্রহণ এবং বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত ক্ষেত্রে সহযোগিতা প্রদান করিতে পারিবে, যথা:—

(ক) বিধি ৬ এর বিধান অনুসারে জ্বালানি দক্ষ লেবেলযুক্ত পণ্যসামগ্রীসহ জ্বালানি দক্ষ অন্যান্য পণ্যসামগ্রী ক্রয়;

(খ) নূতন ইমারত নির্মাণের ক্ষেত্রে জ্বালানি দক্ষ ইমারতের নকশা প্রণয়ন এবং উহার বাস্তবায়ন;

(গ) বিদ্যমান ভবন ও স্থাপনায় স্বল্প ব্যয়ে জ্বালানি সাশ্রয়সহ জ্বালানি সংরক্ষণ কার্যক্রম গ্রহণ;

(ঘ) বিদ্যমান স্থাপনাসমূহে জীবন চক্রব্যাপী ব্যয় সাশ্রয়ী দক্ষ প্রযুক্তির নব সংযোজন (retrofit) বিনিয়োগ;

(ঙ) সড়ক বাতি, পানি উত্তোলন, সড়কপথ, রেলপথ, জলপথ এবং আকাশপথে মানুষ ও মালামাল পরিবহণ, ইত্যাদি কার্যক্রমে জ্বালানি সংরক্ষণমূলক ব্যবস্থা গ্রহণ।

(২) কর্তৃপক্ষ জ্বালানির দক্ষ ও সাশ্রয়ী ব্যবহার এবং সংরক্ষণের কৌশল বিষয়ে সংশ্লিষ্ট সকলের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করিবে।";

(৯) বিধি ১২ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(১) কর্তৃপক্ষ জ্বালানি ও বিদ্যুৎ সংশ্লিষ্ট সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের সহিত পরামর্শ করিয়া একটি টেকসই জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ সংক্রান্ত মহাপরিকল্পনা প্রণয়ন করিবে।";

(১০) বিধি ১৩ এর উপ-বিধি (২) এর—

(ক) দফা (খ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (খ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(খ) সরকারি ও সংবিধিবদ্ধ সংস্থা, যেমন- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন, শিল্প মন্ত্রণালয়, সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগ, রেলপথ মন্ত্রণালয়, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, নৌ পরিবহণ মন্ত্রণালয়, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ইত্যাদি এর আওতাধীন তথ্য প্রদানকারী ইউনিট এবং অন্যান্য সংস্থার নিকট হইতে জ্বালানি উৎপাদন, ব্যবহার ও অপচয়, জ্বালানি ব্যবহারকারী যন্ত্রপাতি, বিনিয়োগ, জ্বালানি ব্যবহারজনিত পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয় সংক্রান্ত এবং অন্যান্য প্রাসঙ্গিক তথ্য ও উপাত্ত;'';

(খ) দফা (ঘ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঘ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(ঘ) জ্বালানির ব্যবহার, গ্রাহকের আচরণ, ভোক্তার নিকট পণ্যের গ্রহণযোগ্যতা নির্ধারণী উপাদান এবং আবাসিক, বাণিজ্যিক ও শিল্প খাতসহ অন্যান্য স্থাপনায় জ্বালানির ব্যবহার সংক্রান্ত উপাত্ত সংগ্রহ ইত্যাদি বিষয়ে কর্তৃপক্ষ ও অন্যান্য সংস্থার সহায়তায় পরিচালিত গ্রাহক সমীক্ষা (consumer survey), পণ্যভিত্তিক বাজার সমীক্ষা ও গবেষণা লব্ধ ফলাফল।";

(১১) বিধি ১৪ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ১৪ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"১৪। **জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ কার্যক্রম গ্রহণের জন্য সম্পূরক অর্থের উৎস।**—কর্তৃপক্ষ জ্বালানি দক্ষতা ও সংরক্ষণমূলক কার্যক্রমকে উৎসাহিতকরণের লক্ষ্যে সম্পূরক আর্থিক উৎসের অনুসন্ধান করিবে এবং এইক্ষেত্রে Clean Development Mechanism (CDM), Bilateral Offset Credit Mechanism (BOCM), National Appropriate Mitigation Action (NAMA) এবং United Nations Framework Convention on Climate Change (UNFCCC) এর আওতায় গঠিত অথবা অনুরূপ অন্য কোনো কার্যক্রমের আওতায় কার্বন নির্গমন ক্রেডিটসহ অন্যান্য সুযোগ গ্রহণের সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করিতে পারিবে এবং কর্তৃপক্ষ, সরকারের পূর্বানুমোদনক্রমে, এতদুদ্দেশ্যে পৃথক তহবিল গঠন করিতে পারিবে।";

(১২) বিধি ১৪ এর পর নিম্নরূপ নূতন বিধি (১৪ক) সন্নিবেশিত হইবে, যথা:—

"১৪ক। **জ্বালানি সাশ্রয় ও সংরক্ষণ সংশ্লিষ্ট প্রণোদনা।**—কর্তৃপক্ষ, সরকারের পূর্বানুমোদনক্রমে, জ্বালানি সাশ্রয়ী ও সংরক্ষণ কার্যক্রমকে উৎসাহিত করিবার লক্ষ্যে প্রণোদনা কৌশল ও পদ্ধতি প্রণয়ন করিতে পারিবে এবং, সময় সময়, কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানকে কৃতিত্বপূর্ণ কার্যক্রমের জন্য জাতীয় পর্যায়ে স্বীকৃতি প্রদান এবং উহা বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।";

(১৩) তফসিল ক এর পরিবর্তে নিম্নরূপ তফসিল ক প্রতিস্থাপিত হইবে, যথা:—

**"তফসিল ক**

**[বিধি ৬(১) ও (২) দ্রষ্টব্য]**

**জ্বালানি সাশ্রয়ী লেবেলিং যন্ত্রপাতি ও সরঞ্জামাদির তালিকা**

**ক. যন্ত্রপাতি ও সরঞ্জামাদির তালিকা**

১। কক্ষ শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র;

২। রেফ্রিজারেটর (হিমায়ন যন্ত্র), ফ্রিজার;

৩। তিন-ফেজ ইনডাকশন মোটর;

৪। বৈদ্যুতিক পাখা;

৫। বৈদ্যুতিক বাতি;

৬। পানি পাম্প;

৭। ইলেকট্রিক ওয়াটার হিটার;

৮। মাইক্রোওয়েভ ওভেন;

৯। টেলিভিশন সেট;

১০। ইন্ডাকশন কুকার;

১১। রাইস কুকার;

১২। ব্লেন্ডার্স/মিক্সচার;

১৩। ওয়াশিং মেশিন;

১৪। ইনভারটার;

১৫। ট্রান্সফরমার;

১৬। ইস্ত্রি;

১৭। রুম হিটার;

১৮। এগজস্ট/ ভেন্টিলেশন ফ্যান।

**খ. জ্বালানি সাশ্রয়ী যন্ত্রপাতি ও সরঞ্জামাদি লেবেলিং কার্যক্রম বাস্তবায়ন সময়সীমা:**

জ্বালানি সাশ্রয়ী যন্ত্রপাতি ও সরঞ্জামাদি লেবেলিং কার্যক্রম বাস্তবায়ন সময়সীমা নিম্নবর্ণিতভাবে নির্ধারণ করা হইবে, যথা:—

| ক্রমিক নং | যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | সময়সীমা | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | ২০২২ | ২০২৩ | ২০২৪ | ২০২৫ | ২০২৬ | ২০২৭ |
| ১। | কক্ষ শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র | ঐচ্ছিক | ঐচ্ছিক | বাধ্যতামূলক | বাধ্যতামূলক | বাধ্যতামূলক | বাধ্যতামূলক |
| ২। | রেফ্রিজারেটর (হিমায়ন যন্ত্র), ফ্রিজার | ঐচ্ছিক | ঐচ্ছিক | বাধ্যতামূলক | বাধ্যতামূলক | বাধ্যতামূলক | বাধ্যতামূলক |
| ৩। | তিন-ফেজ ইনডাকশন মোটর | - | ঐচ্ছিক | ঐচ্ছিক | বাধ্যতামূলক | বাধ্যতামূলক | বাধ্যতামূলক |
| ৪। | বৈদ্যুতিক পাখা | ঐচ্ছিক | ঐচ্ছিক | বাধ্যতামূলক | বাধ্যতামূলক | বাধ্যতামূলক | বাধ্যতামূলক |
| ৫। | বৈদ্যুতিক বাতি | ঐচ্ছিক | ঐচ্ছিক | বাধ্যতামূলক | বাধ্যতামূলক | বাধ্যতামূলক | বাধ্যতামূলক |
| ৬। | পানি পাম্প | - | | ঐচ্ছিক | ঐচ্ছিক | বাধ্যতামূলক | বাধ্যতামূলক |
| ৭। | ইলেকট্রিক ওয়াটার হিটার | - | ঐচ্ছিক | ঐচ্ছিক | বাধ্যতামূলক | বাধ্যতামূলক | বাধ্যতামূলক |
| ৮। | মাইক্রোওয়েভ ওভেন | - | - | ঐচ্ছিক | ঐচ্ছিক | বাধ্যতামূলক | বাধ্যতামূলক |
| ৯। | টেলিভিশন সেট | - | ঐচ্ছিক | ঐচ্ছিক | বাধ্যতামূলক | বাধ্যতামূলক | বাধ্যতামূলক |
| ১০। | ইন্ডাকশন কুকার | - | - | ঐচ্ছিক | ঐচ্ছিক | বাধ্যতামূলক | বাধ্যতামূলক |
| ১১। | রাইস কুকার | - | - | - | ঐচ্ছিক | ঐচ্ছিক | বাধ্যতামূলক |
| ১২। | ব্লেন্ডার্স/মিক্সচার | - | - | ঐচ্ছিক | ঐচ্ছিক | বাধ্যতামূলক | বাধ্যতামূলক |
| ১৩। | ওয়াশিং মেশিন | - | - | - | ঐচ্ছিক | ঐচ্ছিক | বাধ্যতামূলক |
| ১৪। | ইনভারটার | - | - | ঐচ্ছিক | ঐচ্ছিক | বাধ্যতামূলক | বাধ্যতামূলক |
| ১৫। | ট্রান্সফরমার | - | - | - | ঐচ্ছিক | ঐচ্ছিক | বাধ্যতামূলক |

| ক্রমিক নং | যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | সময়সীমা | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | ২০২২ | ২০২৩ | ২০২৪ | ২০২৫ | ২০২৬ | ২০২৭ |
| ১৬। | ইস্ত্রি | - | - | - | ঐচ্ছিক | ঐচ্ছিক | বাধ্যতামূলক |
| ১৭। | রুম হিটার | - | - | ঐচ্ছিক | ঐচ্ছিক | বাধ্যতামূলক | বাধ্যতামূলক |
| ১৮। | এগজস্ট/ ভেন্টিলেশন ফ্যান | - | ঐচ্ছিক | ঐচ্ছিক | বাধ্যতামূলক | বাধ্যতামূলক | বাধ্যতামূলক |

নোট:

- ঐচ্ছিক পর্যায়ে তারকা লেবেলিং চালু করা হইবে।
- বাধ্যতামূলক পর্যায়ে শুধু নির্দিষ্ট তারকা বা তাহার উপরের লেবেলিংযুক্ত যন্ত্রপাতি ও সরঞ্জামাদির বিক্রয় অনুমোদন দেওয়া হইবে।";

(১৪) তফসিল খ এর পরিবর্তে নিম্নরূপ তফসিল খ প্রতিস্থাপিত হইবে, যথা:—

**"তফসিল খ**

**[বিধি ৯(১) দ্রষ্টব্য]**

**ডেজিগনেটেড কঞ্জুমার (মনোনীত ভোক্তা) নির্ধারণের মানদন্ড**

| ক্রমিক নং | শ্রেণি | ডেজিগনেটেড কঞ্জুমার (মনোনীত ভোক্তা) নির্ধারণের সর্বনিম্ন মানদন্ড (টিওই/বছর) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | বিদ্যুৎকেন্দ্র ** | ৩০,০০০ |
| ২। | রাসায়নিক সার কারখানা | ১০,০০০ |
| ৩। | কাগজ এবং মন্ডশিল্প | ৫,০০০ |
| ৪। | পাট এবং পাট প্রক্রিয়াকরণ শিল্প | ৬,০০০ |
| ৫। | বস্ত্র শিল্প (উইভিং, স্পিনিং, ডাইং) | ৫,০০০ |
| ৬। | পোশাক শিল্প | ৫,০০০ |
| ৭। | সিমেন্ট কারখানা এবং ক্লিংকারগ্রিন্ডিং | ৫,০০০ |
| ৮। | লৌহ এবং ইস্পাত | ৫,০০০ |
| ৯। | চিনি কারখানা/শিল্প | ৫,০০০ |
| ১০। | খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প | ৫,০০০ |
| ১১। | রাসায়নিক ঔষধ শিল্প | ৫,০০০ |
| ১২। | কাচ শিল্প | ৫,০০০ |

| (১) | (২) | (৩) |
|---|---|---|
| ১৩। | চীনা মাটি শিল্প | ৫,০০০ |
| ১৪। | ইট ভাটা | ৪,০০০ |
| ১৫। | পরিবহন টার্মিনাল (সমুদ্রবন্দর, বিমানবন্দর, স্টেশনসহ) | ৩,০০০ |
| ১৬। | বহুতল আবাসিক ভবন | ১,৫০০ |
| ১৭। | বাণিজ্যিক এবং প্রাতিষ্ঠানিক ভবন | ১,৫০০ |
| | অফিস ভবন | ১,৫০০ |
| | শপিং মল | ১,৫০০ |
| | হোটেল | ১,৫০০ |
| | দোকান | ১,৫০০ |
| | হাসপাতাল | ১,৫০০ |
| | শিক্ষা প্রতিষ্ঠান | ১,৫০০ |

নোট:

- কর্তৃপক্ষ, বিজ্ঞপ্তি দ্বারা, সময় সময়, উপরি-বর্ণিত ছকে ডেজিগনেটেড কঞ্জুমারের শ্রেণি ও ডেজিগনেটেড কঞ্জুমার নির্ধারণের সর্ব নিম্ন মানদণ্ড নির্ধারণ এবং ঘোষণা করিতে পারিবে।
- শিল্পভিত্তিক মান মাত্রা নির্ণয়ের জন্য অন্যান্য তথ্যের মধ্যে কতিপয় প্রয়োজনীয় তথ্য:

  (১) জ্বালানি ব্যবহার (মোট এবং জ্বালানি উৎস অনুযায়ী বিভক্তি);

  (২) উৎপাদনের পরিমাণ;

  (৩) কর্মী সংখ্যা;

  (৪) আর্থিক ফলাফল (পরিচালন আয়, নীট আয়)।

** বিদ্যুৎকেন্দ্রের ক্ষেত্রে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন এর সহিত পরামর্শক্রমে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হইবে।”;

(১৫) তফসিল গ এর পরিবর্তে নিম্নরূপ তফসিল গ প্রতিস্থাপিত হইবে, যথা:—

**“তফসিল গ**

**[বিধি ১০(১) দ্রষ্টব্য]**

**জ্বালানি দক্ষতার প্রয়োজনীয় মানদণ্ড**

**(বেঞ্চমার্ক এবং প্রয়োজনীয় ন্যূনতম দক্ষতা)**

| ক্রমিক নং | যন্ত্রপাতি/সুবিধা | | বেঞ্চমার্ক দক্ষতা | প্রয়োজনীয় ন্যূনতম জ্বালানি দক্ষতার মান |
|---|---|---|---|---|
| (১) | (২) | | (৩) | (৪) |
| (১) | শিল্পের বয়লার | গ্যাসচালিত | ৮৫% | ৮০% (Based on higher heating value) |
| | | কয়লা চালিত | নির্ধারণ করা হইবে | নির্ধারণ করা হইবে |
| | | তেল চালিত | নির্ধারণ করা হইবে | নির্ধারণ করা হইবে |
| (২) | শিল্প এবং বাণিজ্যিক চিলারস | Vapor Compression | COP 5 | COP 4 |
| | | Vapor Absorption | 1.2 | 1.0 |
| (৩) | ১০ hp এর অধিক বৈদ্যুতিক ক্ষমতার মোটর | | ৯৫% | ৯০% |
| (৪) | পাওয়ার জেনারেটর | | নির্ধারণ করা হইবে | নির্ধারণ করা হইবে |
| (৫) | অন্তর্দহ ইঞ্জিন | | নির্ধারণ করা হইবে | নির্ধারণ করা হইবে |
| (৬) | ফার্নেস | | নির্ধারণ করা হইবে | নির্ধারণ করা হইবে |

নোট:

- কর্তৃপক্ষ, বিজ্ঞপ্তি দ্বারা, সময় সময়, উপরি-বর্ণিত ছকে অন্যান্য যন্ত্রপাতির বেঞ্চমার্ক দক্ষতা ও প্রয়োজনীয় ন্যূনতম জ্বালানি দক্ষতার মান নির্ধারণ করিবে এবং কার্যক্রমের বৎসর ঘোষণা করিতে পারিবে।”;

(১৬) তফসিল ঘ এর পরিবর্তে নিম্নরূপ তফসিল ঘ প্রতিস্থাপিত হইবে, যথা:—

**"তফসিল ঘ**

**[বিধি ৯ক দ্রষ্টব্য]**

**বার্ষিক জ্বালানি প্রতিবেদনের ছক**

| | |
|---|---|
| **১। সাধারণ তথ্য** | |
| শিল্প প্রতিষ্ঠানের নাম | |
| প্রতিষ্ঠার বছর | |
| ঠিকানা | |
| শিল্প প্রতিষ্ঠানের ধরন | |
| ডেজিগনেটেড কঞ্জুমার (মনোনিত ভোক্তা) | হ্যাঁ / না |
| যোগাযোগ: (ক) শিল্প প্রতিষ্ঠানের ব্যবস্থাপনার সহিত সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী | |
| নাম | |
| ফোন | |
| ই-মেইল | |
| ঠিকানা | |
| যোগাযোগ: (খ) শিল্প প্রতিষ্ঠানের জ্বালানি ব্যবস্থাপক বা জ্বালানি ব্যবস্থাপনার সহিত সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী | |
| নাম | |
| ফোন | |
| ই-মেইল | |
| ঠিকানা | |

**২। শিল্প প্রতিষ্ঠানের উৎপাদন ক্ষমতা সংক্রান্ত তথ্যাবলী**

| ক্রমিক নং | পণ্য/দ্রব্য | ইউনিট | পূর্ববর্তী বৎসরের উৎপাদন | বিবেচ্য বৎসরের উৎপাদন |
|---|---|---|---|---|
| | | (১) | (২) | (৩) |
| ১। | পণ্য/দ্রব্য-১ | টন (Tonne) | | |
| ২। | পণ্য/দ্রব্য-২ | টন (Tonne) | | |
| ৩। | পণ্য/দ্রব্য-৩ | টন (Tonne) | | |
| ৪। | পণ্য/দ্রব্য (অন্যান্য পণ্য বা দ্রব্যের জন্য প্রয়োজন অনুযায়ী আরও সারি (Row) যোগ করুন) | | | |

| ৩। শিল্প প্রতিষ্ঠানের জ্বালানি ব্যবহারের তথ্যাবলী | | | | |
|---|---|---|---|---|
| **ক্রমিক নং** | **বিভিন্ন জ্বালানির ব্যবহার** | **ইউনিট** | **পূর্ববর্তী বৎসরের জ্বালানি ব্যবহার** | **বিবেচ্য বৎসরের জ্বালানি ব্যবহার** |
| ১। | গ্রীড বা অন্যান্য উৎস হইতে ক্রয়কৃত মোট বিদ্যুৎ | Million kWh | | |
| ২। | মোট নিজস্ব বিদ্যুৎ উৎপাদন | Million kWh | | |
| ৩। | মোট বিদ্যুৎ রপ্তানি | Million kWh | | |
| ৪। | মোট বিদ্যুৎ শক্তির ব্যবহার | Million kWh | | |
| ৫। | কঠিন জীবাশ্ম জ্বালানির মোট ব্যবহার | Million Kcal | | |
| ৬। | তরল জীবাশ্ম জ্বালানির মোট ব্যবহার | Million Kcal | | |
| ৭। | গ্যাসের মোট ব্যবহার | Million Kcal | | |
| ৮। | তাপশক্তির মোট ব্যবহার | Million Kcal | | |
| জ্বালানির মোট ব্যবহার (বিদ্যুৎ+তাপশক্তি) | | TOE | | |

| ৪। উৎপাদন প্রতি জ্বালানির ব্যবহার (Specific Energy Consumption) সংক্রান্ত তথ্যাবলি | | | | |
|---|---|---|---|---|
| **ক্রমিক নং** | | **ইউনিট** | **পূর্ববর্তী বৎসরের নির্দিষ্ট জ্বালানির ব্যবহার** | **বিবেচ্য বৎসরের নির্দিষ্ট জ্বালানির ব্যবহার** |
| | | (১) | (২) | (৩) |
| ১। | নির্দিষ্ট জ্বালানির ব্যবহার | TOE/ টন (Tonne) | | |

| ৫। বিদ্যুৎ কেন্দ্র (Power Plant) সংক্রান্ত তথ্যাবলী (শুধু বিদ্যুৎ কেন্দ্রের ক্ষেত্রে প্রযোজ্য) | | | | |
|---|---|---|---|---|
| **ক্রমিক নং** | | **ইউনিট** | **পূর্ববর্তী বৎসর** | **বিবেচ্য বৎসর** |
| | | (১) | (২) | (৩) |
| ১। | মোট উৎপাদন ক্ষমতা (Total Capacity) | MW | | |
| ২। | ইউনিট এর বর্ণনা (Unit Configuration) | উৎপাদন ক্ষমতা অনুযায়ী ইউনিটের সংখ্যা (No of Units with their capacity) | | |
| ৩। | বার্ষিক জ্বালানির ব্যবহার (Annual Energy Consumption) | লিটার/ঘন মিটার/টন (Litre/Cubic meter/Tonne) | | |
| ৪। | বার্ষিক মোট উৎপাদন (Annual Gross Generation) | Million KWh | | |

| ক্রমিক নং | | ইউনিট | পূর্ববর্তী বৎসর | বিবেচ্য বৎসর |
|---|---|---|---|---|
| | | (১) | (২) | (৩) |
| ৫। | বার্ষিক প্ল্যান্ট লোড ফ্যাক্টর (Annual Plant Load Factor, PLF) | % | | |
| ৬। | প্ল্যান্ট গ্রস ডিজাইন হিটরেট (Plant Gross Design Heat Rate) | Kcal/kWh | | |
| ৭। | প্ল্যান্ট গ্রস অপারেটিভ হিটরেট (Plant Gross Operative Heat Rate) | Kcal/kWh | | |
| ৮। | অক্সিলারি বিদ্যুৎ ব্যবহার (Auxiliary Power Consumption) | % | | |
| ৯। | অপারেটিভনীটহিটরেট (Operative Net Heat Rate) | Kcal/kWh | | |

**৬। প্রতিবেদনাধীন সময়ে সম্পাদিত জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ উন্নয়নে গৃহীত কার্যক্রম এবং তদনুযায়ী জ্বালানির ব্যবহার হ্রাসের বিবরণী (ক্রমানুসারে):**

| ক্রমিক নং | জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ উন্নয়নে গৃহীত কার্যক্রম | জ্বালানির ব্যবহার হ্রাসের পরিমাণ বিবরণীসহ |
|---|---|---|
| ১। | | |
| ২। প্রয়োজন অনুযায়ী আরও সারি (Row) যোগ করুন | | |

**৭। জ্বালানি দক্ষতা ও সংরক্ষণের জন্য বাস্তবায়নযোগ্য বার্ষিক কর্মপন্থা এবং লক্ষ্য মাত্রা:**

| ক্রমিক নং | পরিকল্পনা | লক্ষ্যমাত্রা |
|---|---|---|
| ১। | | |
| ২। | | |

**শর্ত:**

বার্ষিক জ্বালানি প্রতিবেদন দাখিল হইতে পরবর্তী ১২ (বারো) মাসে স্বল্প মেয়াদি জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ কর্মপন্থা সম্বলিত লক্ষ্যমাত্রা নির্ধারণ করিতে হইবে।

**৮। জ্বালানি দক্ষতা ও সংরক্ষণের জন্য বাস্তবায়নযোগ্য মধ্য মেয়াদী কর্মপন্থা এবং লক্ষ্য মাত্রা:**

| ক্রমিক নং | পরিকল্পনা | লক্ষ্যমাত্রা |
|---|---|---|
| (১) | | |
| (২) | | |

**শর্ত:**

বার্ষিক জ্বালানি প্রতিবেদন বা জ্বালানি নিরীক্ষা প্রতিবেদন দাখিল হইতে ৩৬ (ছত্রিশ) মাস পর্যন্ত মধ্য মেয়াদি জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ কর্মপন্থা সম্বলিত লক্ষ্যমাত্রা নির্ধারণ পরিকল্পনাটি ঘূর্ণায়মান ভিত্তিতে (rolling basis) পর্যালোচনা এবং সংশোধন করা যাইবে;

(শিল্প প্রতিষ্ঠানের ব্যবস্থাপনার সহিত সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী)

স্বাক্ষর:

নাম:

পদবি:

(শিল্প প্রতিষ্ঠানের জ্বালানি ব্যবস্থাপক বা জ্বালানি ব্যবস্থাপনার সহিত সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী)

স্বাক্ষর:

নাম:

পদবি:

নোট:

- কর্তৃপক্ষ, বিজ্ঞপ্তি দ্বারা, সময় সময়, উপরি-বর্ণিত ছকসংশোধন করিতে পারিবে।";

(১৭) তফসিল ঙ এর পরিবর্তে নিম্নরূপ তফসিল ঙ প্রতিস্থাপিত হইবে, যথা:—

**"তফসিল ঙ**

**[বিধি ১০(৪) দ্রষ্টব্য]**

**ডেজিগনেটেড কঞ্জুমার (মনোনীত ভোক্তা) কর্তৃক ইহার স্থাপনায় নিরীক্ষা কার্যক্রম সম্পন্ন করিবার সময়সূচি**

| ক্রমিক নং | শ্রেণি | স্বেচ্ছামূলক নিরীক্ষা শুরু | বাধ্যতামূলক নিরীক্ষা শুরু |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | বিদ্যুৎ কেন্দ্র | ২০২২ | ২০২৪ |
| ২। | রাসায়নিক সার কারখানা | ২০২২ | ২০২৪ |
| ৩। | কাগজ এবং মন্ডশিল্প | ২০২২ | ২০২৪ |
| ৪। | পাট এবং পাট প্রক্রিয়াকরণ শিল্প | ২০২২ | ২০২৩ |
| ৫। | বস্ত্রশিল্প (উইভিং, স্পিনিং, ডাইং) | ২০২২ | ২০২৩ |
| ৬। | পোশাক শিল্প | ২০২২ | ২০২৩ |
| ৭। | সিমেন্ট কারখানা এবং ক্লিং কার গ্রিন্ডিং | ২০২২ | ২০২৩ |
| ৮। | লৌহ এবং ইস্পাত | ২০২৩ | ২০২৫ |
| ৯। | চিনি কারখানা/শিল্প | ২০২৩ | ২০২৪ |
| ১০। | খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প | ২০২৩ | ২০২৪ |

| ক্রমিক নং | শ্রেণি | স্বেচ্ছামূলক নিরীক্ষা শুরু | বাধ্যতামূলক নিরীক্ষা শুরু |
|---|---|---|---|
| ১১। | রাসায়নিক ঔষধ শিল্প | ২০২৩ | ২০২৫ |
| ১২। | কাচ শিল্প | ২০২২ | ২০২৪ |
| ১৩। | চীনা মাটি শিল্প | ২০২২ | ২০২৪ |
| ১৪। | ইট ভাটা | ২০২২ | ২০২৪ |
| ১৫। | পরিবহন টার্মিনাল (সমুদ্রবন্দর, বিমানবন্দর, স্টেশনসহ) | ২০২২ | ২০২৪ |
| ১৬। | বহুতল আবাসিক ভবন | ২০২২ | ২০২৪ |
| ১৭। | বাণিজ্যিক এবং প্রাতিষ্ঠানিক ভবন | ২০২২ | ২০২৪ |
| | অফিস ভবন | ২০২২ | ২০২৪ |
| | শপিং মল | ২০২২ | ২০২৪ |
| | হোটেল | ২০২২ | ২০২৪ |
| | দোকান | ২০২২ | ২০২৪ |
| | হাসপাতাল | ২০২২ | ২০২৫ |
| | শিক্ষা প্রতিষ্ঠান | ২০২২ | ২০২৫ |

**রাষ্ট্রপতির আদেশক্রমে**

**বি. এম. রুহুল আমিন রিমন**
সিনিয়র সহকারী সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd